Determiners

নির্দেশক শব্দ

সংজ্ঞা:- যে সকল শব্দ কোন Noun এর পূর্বে বসে Noun এর পরিমাণ, সংখ্যা, নির্দিষ্টতা, অনির্দিষ্টতা ইত্যাদি প্রকাশ করে তাকে Determiner ব নির্দেশক শব্দ বলে।

যেমন:-

- The boy is good. (বালকটি ভাল।)

ব্যাখ্যা:- এ বাক্যে the শব্দটি boy এর পূর্বে বসে এর ব্যবহার (যেমন boy হল singular) নির্দেশ করছে। তাই the হল determiner. তার মানে determiner কোন noun নয়, তবে noun এর পূর্বে বসে।

⇨ Determiner এর অপর নাম modifier এরা Adjective এর মত কেননা তার Noun এর পূর্বে বসে।

Kinds of determiner

Determiner কে দু'ভাগে ভাগ করা যায়

1. Specific/Definite Determiner
2. General/indefinite Determiner

Specific Determiner:- যে determiner দ্বারা কোন ব্যক্তি/বস্তুকে নির্দিষ্টভাবে বুঝায় তাকে specific Determiner বলা হয়।

যেমন:-

- The boy plays football. (ছেলেটি বল খেলে।)
- Momi likes this pen. (মমি এই কলম পছন্দ করে।)

ব্যাখ্যা:- প্রথম বাক্যে the দ্বারা boy কে নির্দিষ্ট করা হচ্ছে। আবার দ্বিতীয় বাক্যে this দ্বারা pen কে নির্দিষ্ট করা হচ্ছে। তাই the ও this হল specific Determiner.

General Determiner:- যে Determiner কোন ব্যক্তি/বস্তুকে অনির্দিষ্ট ভাবে বুঝায় তাকে general Determiner বলা হয়।

যেমন:-

- A boy came here. (একটি ছেলে এখানে এসেছে।)
- Some girls are dancing. (কিছু মেয়ে নাচছে।)

ব্যাখ্যা:- প্রথম বাক্যে A দ্বারা যে কোন বালককে বুঝাচ্ছে। অর্থাৎ অনির্দিষ্ট প্রকাশ করছে। আর দ্বিতীয় বাক্যে some দ্বারা অনির্দিষ্টভাবে কিছু মেয়েকে বুঝাচ্ছে। তাই A ও Some হল General Determiner.

An important list of Determiner

Article	A, an, the
Possessives	My, your, his, her, its, our, their, whose
Demonstratives	This, that, these, those
Interrogatives:	Which

Quantity adjective/Quantifiers	Few, little, a few, a little, the few, the little, some, any, enough, fewer, less, several, several of, a large amount of, a large number of, Much, Many
Cardinal Number	One, two, three, four, five, six ……. hundred
Ordinal Number	First, second, third, fourth etc.
Pre determiner	Such, what, rather, quite, once, twice, theice, two times, five times etc.
Fraction	Half, double, one third, two third, Elevent thirteen, one fifth etc.
Countable determiner	A, An, one, Every, Both, Many, Those, These, Few, A few, The few, Very few, Fewer, Fewest, Many, Many of, A number of etc.
Uncountable determiner	Little, A little, The little, Less, much, Much of, A bit, Amount of etc.
Wh determinersl	What, which, whose, etc.

Note:- Determine হলো যে সব word যা noun/noun phrase এর পূর্বে বসে Adjective এর কাজ করে।

অর্থাৎ, - determiner + noun

Exam:-

- Several channels telecast highly information programms.

ব্যাখ্যাঃ- Several এখানে Quantifier যা এক ধরণের Adjective. অন্যদিকে "channels" word টি noun.

- There are some boys playing in The playground. (মাঠে কিছু বালক খেলা করছে।)

ব্যাখ্যাঃ- "Some " এখানে uncountable noun "boys" এর পূর্বে বসেছে।

- I have one problem. (আমর একটি সমস্যা আছে।)

ব্যাখ্যাঃ- "one" determiner টি singular countable noun "problem" এর পূর্বে বসে নির্দিষ্টতা অর্থ দিয়েছে।

Note:- 1. Countable determiner + Countable noun.

2. uncountable determiner + uncountable noun.

⇨ Countable noun এবং Uncountable noun-এর সাথে ব্যবহৃত Determiner-এর তালিকাঃ

Countable Noun-এর সাথে	Uncountable noun-এর সাথে
a(n), the, some, any	The, some, any
This, that, these, those	This, that
None, one, two, three, ...	None
many	Much (usually in negatives of question)
a lot of	a lot of

a (large, great) number of	a large amount of
(a) few	Less ..... than
Fewer ..... than	More ..... than
More ..... than	

Determiner এর ব্যবহার:-

Plural Noun/Countable Noun	Meaning
Few	নেই বললেই চলে
A few	অল্প কিছু
The few	নির্দিষ্ট কিছু
Fewer	তুলনামূলক কম
Many	অনেক/প্রচুর
Number of	সংখ্যা/পরিমাপ
Several, another, both	
a, an, the	নির্দিষ্ট/অনির্দিষ্ট
fewest	কম সংখ্যক

নিম্নোক্ত determiner গুলোর পর Countable Noun/Uncountable Noun বসতে পারে।

Most, More, Sone (of), The rest of, All/lAny, A lot of, Lots of, Plenty of	+ Countable/Uncountable Noun

Example:-

- There are <u>some</u> water in the glass. (গ্লাসে কিছু পানি আছে।)
- There are <u>some</u> students in the class. (ক্লাসে কিছু ছাত্র/ছাত্রী আছে।)

ব্যাখ্যা:- এই শব্দগুলো countable and uncountable উভয় noun এর পূর্বে বসতে পারে। তবে countable and uncountable উভয় noun এর পূর্বে বসতে পারে। তবে countable এ পূর্বে বসলে noun ও verb উভয়টি plural হয়। এখানে "water" uncountable noun ও students টি countable noun.

Each ও Every এর ব্যবহার:-

→ Each ও Every দুটি Determiner এর পূর্বেই Singular verb বসে। কিন্তু each এর পরে of থাকলে noun টি plural হয়। কিন্তু verb টি singular হয়।

যেমন:-

- <u>Every</u> mother loves her child. (প্রত্যেক মা তার সন্তারকে ভালবাসে।)
- <u>Each of</u> the three boys got a prize. (তিনটি বালকদের প্রত্যেকে একটি করে পরষ্কার পেয়েছে।)

ব্যাখ্যা:- প্রথম বাক্যে Every এর পরে "loves" verb টি Singular ও দ্বিতীয় বাক্যে Each of থাকায় "boys" Noun টি plural হয়েছে।

Many, Many of, A number of, Much of এর ব্যাবহার:-

Many = Countable noun এর জন্য "many" বসে। Many এর পর countable noun টি সর্বদাই plural হয়।

Many of = "অনেক" অর্থে ব্যবহৃত হয়। Many of এর পর অবশ্যই একটি noun বা pronoun থাকবে।

A number of = "a number of" এর সমর্থক শব্দ Many।"অনেক" অর্থে a number of ব্যবহার করতে হয়।

For example:-

- Many students are now getting American visa. (অনেক ছাত্র-ছাত্রীরাই এখন আমেরিকার ভিসা পাচ্ছে।)
- Many of the problems have been solved automatically. (সমস্যার অনেকগুলোই আপনা-আপনি সমাধান হয়েছে।)
- A number of offers are pending for announcement. (অনেক সংখ্যক সুযোগই ঘোষণার জন্য অপেক্ষমান।)
- Much of what he said was very. (বলেছিল তার অনেকটাই ছিল খুবই বোধগম্য।)

sensible. (সে যা

ব্যাখ্যাঃ- প্রথম sentence এ Many এর পর students টি plural countable noun হিসেবে ব্যবহৃত হয়। আর দ্বিতীয় বাক্য Many of এর পরে problems টি Noun হিসেবে ব্যবহৃত হয়েছে।

Note:- (many of + countable plural noun + plural verb + ...)

(Much of + uncountable noun + singular verb + ...)

This, that, these, those

This + (singular countable noun/uncountable noun)	This & that countable noun ও uncountable noun উভয়ের সাথে বসে।
That + (singular countable noun/uncountable noun)	
These + Plural countable noun	These ও those কখনও uncountable noun এর পূর্বে বসে না সবসময় plural countable noun পূর্বে বসে।
Those + plural countable noun	

যেমনঃ-

- This novel is very interesting.
- These books were bought last noght.

ব্যাখ্যাঃ- প্রথম বাক্যে This এর পরে novel টি Singular Countable noun আর দ্বিতীয় বাক্যে Thes এর পরে "books" টি plural countable noun

মনে রাখুনঃ- this, that, these& those determiner গুলো একাকী বসলে pronoun হিসেবে ব্যবহৃত হয়।

কিছু Determiner আছে, যারা countable/uncountable উভয় noun এর সাথে বসে।

(More/Most/Some of/All/Any/Any/A lot of/Plenty of/None/Rest of) + Countable noun অথবা Uncountable noun.

যেমনঃ-

- I have more mobiles Then you. (তোমার থেকে আমার বেশি মোবাইল আছে।)

- This is a most amazing picture. (এটি খুব মনোমুগ্ধকর ছবি।)

ব্যাখ্যাঃ- প্রথম বাক্যে more এর পর mobiles টি plural countable noun. আর দ্বিতীয় বাক্যে Most থাকা সত্তেও Superlative নয়। কেননা এখানে most অর্থ very "খুব" এরমত। এই জন্য The + most না বসে "a + most" বসানো হয়েছে।

- I have drunk a lot of could drinks. (আমি পর্যাপ্ত পরিমাণে কেমল পানীয় পান করছি।)

ব্যাখ্যাঃ- could এখানে uncountable noun.

- I am ready to give the rest of six Thousand taka. (আমি তোমাকে বাকী ছয় হাজার টাকা দিতে প্রস্তুত।

ব্যাখ্যাঃ- six Thousand taka এখানে countable noun হিসেবে ব্যবহৃত হয়েছে।

- I requested all guest s to sit on the stage. (আমি সকল অতিথিদের মঞ্চে বসতে অনুরোধ করেছিলাম।)

ব্যাখ্যাঃ- gusts এখানে plural Countable noun.

- I have some friends. (আমার কিছু বন্ধু আছে।)

ব্যাখ্যাঃ- friends এখঅনে plural countable noun.

- I haven't any mango.
- Have you any mango?

ব্যাখ্যাঃ- প্রথম বাক্যটি Any দ্বারা Negative ও দ্বিতীয় বাক্য Any দ্বারা Interrogative (প্রশ্নবোধক) বুজিয়েছে।)

Note:- Any ব্যবহৃত হয় Negative ও Interrogative এর ক্ষেত্রে।

***** None of, No:**

None of = কেউনা,

No = কোনো ..... নয়

যথাঃ-

- I have no problem at all. (আদৌ আমার কোনো সমস্যা নেই।)
- None of the shops was opened. (কোনো দোকান'ই খোলা ছিলনা।)

Note:- 1. No + Noun হলে "No" একটি Adjective.

2. None of হলে "None" একটি Pronoun.

Less, Least:

Less = Little এর comparative form "less"|

Least = Little এর superlative form "Least"|

যথাঃ-

- He has maintained less privacy to avoid risk. (ঝুকি এড়াতে তুলনামূলক কম গোপনীয়তা রক্ষা করেছিলো।)
- Mira completed the least work for us. (আমাদের জন্য মিরা সবচেয়ে কম পরিমাণের কাজ করেছিল।)

ঙনং → Few/little, bit

Few → (প্রায় নেই বললেই চলে না থাকার তম (নাবোধক বোঝায়) (Negative অর্থে)

A Few → (কিছু অর্থে অনির্দিষ্ট কিছু সংখ্যাক/অল্প কিছু (হ্যা বোধক বোঝায়) (Affirmative অর্থে)

The Few → (নির্দিষ্ট কিছু অর্থে/নির্দিষ্ট সংখ্যাকক/অল্প কিছুকে একত্রে বুঝালে the few হয় এটি (Affirmative অর্থে ব্যবহৃত হয়।)

Very Few → (একেবারেই নেই) (negative অর্থে ব্যবহৃতত হয়।)

Not a few → (কম না অর্থে)

Note:- ইত্যাদির পর plural countable noun + verb টি ও plural হয়।

*** Countable Noun এর আগে ব্যবহার করা যায়। a few হল positive এবং Little হলো Negative.

Note:- Fewer এটি Comparative degree তুলনামূলক কম বুঝাতে ব্যবহৃত হয়। Few এর (Comparative)

Fewest = Superlative degree (করার মধ্যে তুলনা বুঝাতে ব্যবহৃত হয়। Few এর Superlative)

যেমনঃ-

- Fewer people get Indian visa

উদাহরণঃ-

i. I have <u>few friends</u> = (আমার কোন বন্ধু নাই।)
ii. I have a <u>few friends</u> = (আমার কিছু বন্ধু আছে।)
iii. I have <u>few customers</u> you had, loved you. (তোমার যে কজ কাস্টমার ছিল তারা তোমাকে ভলবাসত।)
iv. The show room has very few products left for selling. (শোরুমে বক্রির জন্য একেবারেই কোন পণ্য নেই।)
v. I have bought <u>not a few books</u> today. (আমি আজ কম বই কিনি নি।)

***** মনে রাখা দরকার যে, উক্ত ৫ টি Sentence এ যথাক্রমে verb টি ও plural হয়েছে। যেমনঃ- have, <u>have</u>, <u>had</u>, <u>are</u>, <u>have</u>.**

Note:- 1. Few একটি Adjective হবে, যদি তা Noun এর পূর্বে বসে।

2. "Few" Subject হিসেবে বসলে, তা একটি Pronoun হবে।

*** Little/bit → (প্রায় নেই বললেই চলে) যা পুরো বাক্যেকে Negative করে দেয়। (অল্প পরিমাণ) যার পরের শব্দটি uncountable noun হবে।

A little /bit → **(কিছু অর্থে/অল্প পরিমাণ) (হাবোধক অর্থে ব্যবহৃত হয়।)**

The little/bit → **(নির্দিষ্ট কিছু অর্থে/অল্প পরিমাণ) (হাবোধক অর্থে ব্যবহৃত হয়।)**

Very little → একেবারে নাই অর্থে) এমন Negative অর্থ দেয়।)

Not a little → (খুব কম অর্থে)

*** Note:- → এদের পর Singular uncountable noun + Verb টিও Singular হয়।

*** Note:- → Little এর Comparative form হল Less এবং Superlative form হল Least|

উদাহরণঃ-

- There <u>is/has little water</u> in the glass. (গ্লাসে কোন পানি নেই বললেই চলে।)
- There <u>has a little water</u> in the glass. (গ্লাসে কিছু পানি আছে।)
- The <u>little money</u> that i have a bout it not enough. (এ জন্য যে সামান্য টাকা আমার কাছে আছে তা যথেষ্ট নয়।)
- Saddam has <u>very little money</u> for lraq war. (সাদ্দামের ইরা যুদ্ধের জন্য খুব কম পরিমাণ অর্থ আছে।)
- He has <u>not a little knowledge</u>. (তার এ ব্যাপারে কম জ্ঞান নেই।)

*** মনে রাখা দরকার যে উক্ত ৫ টি Sentence যথাক্রমে Water, Water, Money, Money, Knowledge গুলো Singular uncountable Noun এবং এদের পরের verb গুলোও Singular যেমন ঃ is, has, has, is, has, has.

Note:- 1. "Little" টি Adjective হবে যদি তা Noun এর পূর্বে বসে।

2. "Little" Subject হিসেবে থাকলে একটি Pronoun হয়।

Use of too much/Much too

1. To o much এর পর Uncountable noun অথবা Verv in past participle ব্যাবহার করা হয়।

For example:-

- Too much **heat** (N) (অত্যাধিক তাপ)
- Too much **tired** (pp). (অত্যাধিক ক্লান্ত)

ব্যাখ্যাঃ- প্রথম বাক্যে Too much এর পর heat টি uncountable noun হিসেবে বসেছে। আর দ্বিতীয় বাক্যে too much এর পর tired এ টি হিসেবে ব্যবহৃত হয়েছে।

2. Much too এর পর adjective ব্যবহৃত হয়।

For example:-

- Much tto hot (adj). (অনেক বেশি গরম)
- Much too crazy (adj). (অনেক বেশি পাগল)

ব্যাখ্যাঃ- প্রথম ও দ্বিতীয় বাক্যে Much too এর পর hot ও crazy দুটি word টিই Adjective হিসেবে বসেছে।

Rule-22:- Use of too many/many too

1. Too many এর পর Countable nouns অথবা Verb in past participle ব্যবহৃত হয়।

- Too many mangoes (N). (অনেক বেশি আম)
- Too many worded (pp). (অনেক কাজ করেছে)

1. Fill in the blank with the correct quantifier.

I still have ..... money. [38th BCS]

(a) a few (b) quite a few (c) many (d) a little (d)

ব্যাখ্যাঃ- Money হচ্ছে uncountable noun, তাই moner-এর পূর্বে a few/many বসবে না। A little uncountable noun এর পূর্বে বসে, তাই money এর পূর্বে a little বসবে।

2. ..... amazing song haunte me for a long time. [35th BCS]

(a) these (b) Those (c) Thus (d) That (d)

ব্যাখ্যাঃ- That determiner টি singular noun এর পূর্বে বসে। এখানে song হচ্ছে singular, তাই That amazing song হবে। ⇨ These, Those determiner-গুলো countable noun-এর পূর্বে বসে। এখানে, thus (এইভাবে, সুতরাং) সঙ্গতকারণেই ভুল। বাক্যের অর্থঃ চমৎকার ঐ গানটি দীর্ঘকাল আমার মনে জায়গা নিয়েছিলো।

3. Which word is the determiner in the sentence "Will it take much time?" [35th BCS]

(a) Will (b) take (c) much (d) time (c)

ব্যাখ্যাঃ- এখানে much হচ্ছে determiner, যা time uncountable noun এর পূর্বে বসেছে।

4. I spent ..... with the patient. [23rd BCS]

(a) sometimes (b) sometime (c) some time (d) some times (c)

ব্যাখ্যাঃ- sometimes (মাঝে মাঝে), sometime (কোন এক সময়) এবং some time (কিছু সময়)।

আমি রোগিটির সঙ্গে কিছু সময় কাটিয়েছিলাম। সুতরাং, সঠিক উত্তর হবে some time.

5. Identify the determiner in the following sentence: 'I have no news for you.' [40th BCS]

(a) have (b) news (c) no (d) for (c)

ব্যাখ্যাঃ- no হচ্ছে determiner, যা noun এর পূর্বে বসে noun কে modify করে অর্থাৎ, nou + noun (no news).

6. how ..... rice is there? [NSI অফিস সাহায়কঃ ১৯]

(a) much (b) many (c) quantity (d) some (a)

ব্যাখ্যাঃ- much determiner টি uncountable noun এর পূর্বে বসে। প্রদত্ত বাক্যে rice uncountable noun, তাই How much হবে। বাক্যের অর্থঃ সেখানে কী পরিমাণ চাল?

7. Choose the correct sentence: [১৫ তম প্রভষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমপর্যায়): ১৯]

(a) I have many worked to proforma (b) I have many work to perform

(c) I have much works to perform (d) I have much work to problem. (d)

ব্যাখ্যাঃ- work uncountable noun হওয়ায় much হবে।

8. Manaisha did the job without having ..... interest in it. [BSI ওয়াচার কনস্টেকল-১৯]

(a) much (b) all

(c) many (d) little (b) None (d)

ব্যাখ্যাঃ- little শব্দের অর্থ নেই বললেই চলে। বাক্যের অর্থঃ মনিষা কোন আগ্রহ ছাড়াই জবটি করছেন।

9. There are ..... dangerous drivers. [24th BCS]

(a) a very lot of (b) very many of (c) very much of (d) a lot of (d)

ব্যাখ্যাঃ- অনেক বিপজ্জনক ড্রাইভার আছে। প্রদত্ত বাক্যে driver countable noun এবয় হ্যাঁবোধক বাক্য বিধায় a lot of (অনেক) আসবে।

10. I have ..... interest in the matter. [24th BCS]

(a) not (b) any (c) none (d) no (d)

ব্যাখ্যাঃ- আমার বিষয়টিতে কোন আগ্রহ নেই (I have no interest in the matter.) আমরা জানি, no বসে Noun-এর পূর্বে ; not, none noun এর পূর্বে বসে না। any বসে negative/interrogative বাক্যে। তাই সঠিক উত্তর হবে D.

11. They spent ..... time considering the new contract. [CU: 07-08]

(a) too much (b) too many (c) too (d) many (a)

ব্যাখ্যাঃ- "অতি মাত্রায় বেশি" বোঝাতে uncountable noun হওয়ায় তার পূর্বে "too much" বসেছে।

Much = বেশি, too much = অনেক বেশি।

12. There is ..... on the reads today. [DU: 05-06]

(a) few traffics (b) very much traffic (c) too much traffic (d) too many traffic (c)

ব্যাখ্যাঃ- uncountable noun "traffic" এর পূর্বে অধিক পরিমাণে বোঝাতে "too much" বসেছে।

13. The determiner 'some' is used before ..... nouns. [JNU: 10-11]

(a) both count and non-count (b) non-count

(c) plural count (d) singular-count (a)

ব্যাখ্যাঃ- অর্থাৎ "some" এমন একটি determiner যা countable এবং uncountable উভয় noun এর পূর্বেই বসে।

14. I need ..... milk. [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী-২০১৭]

(a) a few (b) a little (c) a hot (d) a lot (b)

ব্যাখ্যাঃ- milk শব্দটি uncountable হওয়ায় এর পূর্বে a little বসবে। বাক্যের অর্থঃ আমার অল্প দুধ প্রয়োজন।

15. There is ..... milk in the bottle. [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপাভাইজার-১৭]

(a) a little (b) very little (c) few (d) very few (a)

ব্যাখ্যাঃ- milk শব্দটি uncountable হওয়ায় এর পূর্বে a little বসবে। বাক্যের অর্থঃ বোতলটিতে অল্প পরিমাণে দুধ আছে।

16. He is lazy. He never does ..... work. [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব/সহকারী-১৬]

(a) some (b) any (c) no0 (d) none (b)

ব্যাখ্যাঃ- negative বাক্যে any বসে এবং Affirmative বাক্যে some বসে। বাক্যের অর্থঃ সে দুর্বল। সে কখনও কোন কাজ করে না।

17. "They have little money" means- [CU: 03-04]

(a) They have no money at all (b) They have almost

(c) They have yet some money (d) They have quite some money (b)

ব্যাখ্যাঃ- "little" মানে "নাই" সেইজন্য যে option এ "almost no" আছে, সেটিকে বেছে নেওয়া হয়েছে।

18. I still have ..... money in my pocket. [Accountant: 2017]

(a) a little (b) mony (c) few (d) a few (a)

ব্যাখ্যাঃ- যেহেতু "money" শব্দটি uncountable সেইজন্য তার পূর্বে "কিছু টাকা আছে" এমন অর্থে "a little" এই determiner টি ব্যাবহার করা হয়েছে। অন্যান্য উত্তরগুলো না হওয়ার কারণ, ঐ গুলো constable noun এর পূর্বে বসে।

19. I have got ..... friends, so I am not lonely. [CU: 11-12]

(a) a little (b) little (c) few (d) a few (d)

ব্যাখ্যাঃ- যেহেতু বলা হচ্ছে "I an not lonely-আমি একা নই" তার মানে আমার কিছু বন্ধু আছে। এই "কিছু আছে" অর্থে "a few" countable plural noun "friends" এর পূর্বে বসেছে।

20. There's ..... dust on these books, Fetch me a duster. [সাব-রেজিস্টার ২০০৩]

(a) a lot of (b) plenty of (c) a good deal of (d) lost of (a)

ব্যাখ্যাঃ- Uncountable noun dust-এর পূর্বে a lot of বসবে। বাক্যের অর্থঃ এই বইগুলোর উপর প্রচুর ধুলিকণা আছে, আমাকে ডাষ্টারটি এনে দাও।

21. How ..... money do you have in your pocket? [বাংলাদেশ হাউজ বিল্ডিং ফিন্যান্স কর্পোরেশন (সি. অফিসার)-১১]

(a) many (b) few (c) much (d) some (c)

ব্যাখ্যাঃ- Negative or Interrogative বাক্যে uncountable noun-এর পূর্বে much বসে। বাক্যের অর্থঃ আপনার পকেটে কি পরিমাণ অর্থ আছে?

22. For an investor who ..... money, silver or bond are good option. [Assistant Director, BBL-13]

(a) has so little (b) has very little (c) has so few (d) has very few (b)

ব্যাখ্যাঃ- money uncountable noun হওয়ায় এর পূর্বে few/so few/very few বসবে না। moner-এর পূর্বে very little বসবে। মনে রাখুন-very little + noun লেখা গেলেও so little a + noun লেখা যায় না।

23. Tamara speak very ..... Russian, but she knows ..... words. [ইবি (খ) ১১-১২]

(a) little, a little (b) little, a few (c) few, little (d) a few, few (b)

ব্যাখ্যাঃ- Language uncountable noun হওয়ায় এর পূর্বে a few বসবে। তাই সঠিক উত্তর হচ্ছে B. বাক্যের অর্থঃ তামার খুবই রাশিয়ান বলে, তবে সে কিছু শব্দ জানে।

24. There is ..... milk in the bottle. [ঢাবি (ক): ১২-১৩]

(a) Very few (b) any (c) very little (d) many (c)

ব্যাখ্যাঃ- milk uncountable noun হওয়ায় এর পূর্বে very little বসবে।

25. There is ..... milk in the bottle. [NTRCA: 16]

(a) very few (b) any (c) very little (d) many (c)

ব্যাখ্যাঃ- "এই বোতলে অল্প কিছু দুধ আছে।" "অল্প কিছু" বোঝাতে very little" বসে।

26. Do you have ..... to do this afternoon? If not, I'd like to fake you to a movie. [DU: 06]

(a) many work (b) much work (c) many works (d) much works (b)

ব্যাখ্যাঃ- work" যেহেতু uncountable noun তাই তার পূর্বে "much" বসেছে।

27. "The French" refers to- [BCS: 33td]

(a) The French people (b) The French language

(c) The French manner (d) The French society (a)

ব্যাখ্যাঃ- "The French" বলতে "ফ্রন্স" এর লোকজনকে বোঝানো হয়। অর্থাৎ, "The people of France/The French people.

28. Only ..... of these are any good. [JU: 09-10]

(a) few (b) a few (c) one (d) little (b)

ব্যাখ্যাঃ- "Only" এর পর হ্যাঁ বোধক অর্থে "a few" বসেছে।

29. ..... milk he gave has been spilt. Choose the correct option. [CU: 08-09]

(a) few (b) a few

(c) little (d) a little (e) a little (e)

ব্যাখ্যাঃ- uncountable noun "milk" এর পূর্বে যথেষ্ট পরিমাণ বোঝাতে "the little" ব্যবহার করা হয়েছে।

30. I still have ..... money. [BCS: 38]

(a) a few (b) quite a few (c) many (d) a little (d)

ব্যাখ্যাঃ- "money" শব্দটি uncountable হওয়ায় তার পূর্বে "a little" হয়েছে।

31. Although southern California is densely populater, ... live in the northen part of the state. [DU: 03-04]

(a) a little people (b) only a few people

(c) some of the people (d) many people (b)

ব্যাখ্যাঃ- যেহেতু "a few" countable noun "people" এর পূর্বে বসেছে, সেইজন্য নিয়ম ও অর্থ অনুযায়ী "কিছুসংখ্যক মানুষ" বোঝানোয় (B) নং উত্তর হয়েছে।

32. There are ..... dangerous drivers. [BCS: 24]

(a) a very lot of (b) a lot of (c) very much of (d) very many of (b)

ব্যাখ্যাঃ- কেননা "a lot of" ছাড়া বাকি কোনো উত্তরই সঠিক phrase নয়।

33. One and a half million people drive rickshaws for a liveng, plus ..... hundred thousand who own and repair them. [DU: 17-18]

(a) few (b) a few (c) little (d) a little (b)

ব্যাখ্যাঃ- উক্ত sentence টির বাংলা অর্থ "তার আরো কয়েক শত হাজার মানুষ রিক্স মেরামতের সাথে যুক্ত"। এখানে "আরো কয়েক শত" অর্থ "a few" ব্যবহার করা হয়েছে।

34. ..... can be grown on arid land. [DU: 16-17]

(a) Only little crop (b) Only a little crops (c) Only few crop (d) Only a few crops (d)

ব্যাখ্যাঃ- "কিছু শস্য অনুর্বর ভূমিতে জন্মতে পারে" এমন হ্যাঁ বাচক অর্থে "Only a few" বসে।

35. There is ..... hope of his recovery. [DU: 10-11]

(a) many (b) little (c) very (d) few (b)

ব্যাখ্যাঃ- uncountable noun "hope" এর পূর্বে নিয়ম অনুযায়ী "little" বসেছে।

36. I don't have ..... spare time this day. [RU: 10-11]

(a) many (b) much (c) some (d) more (b)

ব্যাখ্যাঃ- uncountable noun "spare time-অবসর সময়/ফাঁকা সময়" এর পূর্বে "much" বসেছে।

37. Tamara speaks very ..... Russian, but she knows ..... words. IU: 11-12]

(a) little, a little (b) little, a few (c) few, little (d) a few, few (b)

ব্যাখ্যাঃ- "Russian" একটি ভাষার নাম uncountable হওয়ায় "little" বসেছে। এবং "words" শব্দটি countable plural হওয়ায় তার পূর্বে "a few" বসেছে।

38. I would like ..... salt in my vegetables. [CU: 11-12]

(a) few (b) a few (c) a little (d) many (c)

ব্যাখ্যাঃ- "salt-লবণ" যেহেতু uncountable noun তাই তার পূর্বে "a little" বসেছে।

39. 'He has few friends' means he has- [DU: 05-06]

(a) no friend at all (b) almost (c) some friends (d) a few friends (b)

ব্যাখ্যাঃ- "few" মানে "নাই" সেইজন্য যে option এ "almost no" আছে সেটিকে নেয়া হয়েছে।

40. Which word is the determiner in the sentence "Will it take much time"? [BCS: 35]

(a) will (b) take (c) much (d) time (c)

ব্যাখ্যাঃ- কেননা "much" শব্দটি Noun "time" এর পূর্বে বসেছে।

41. I did not have ..... luggage, just two small bags. [CU: 09-10]

(a) little (b) a little (c) much (d) many (c)

ব্যাখ্যাঃ- "luggage" শব্দটি uncountable noun হওয়ায় এর পূর্বে "much" বসেছে।

41. There is ..... no the roads today. [আজকাল রাস্তাগুলোতে অনেক বেশি যানবাহন থাকে] [রাবি-এ ১০-১১]

(a) too many traffic (b) very mch traffic (c) too much traffic (d) few fraffics (c)

ব্যাখ্যাঃ- traffic শব্দটি uncountable noun.

42. Hehad to balance his account very carefully because he had ..... money.

(a) little (b) the little (c) few (d) a few (a)

ব্যাখ্যাঃ- Little অর্থ নেই বললেই চলে। Ans হবে option A কারণ Little প্রশ্নের Sentence টির সাথে সংঙ্গতি পূর্ণ এবং little শব্দটি uncountable noun এর পূর্বে বসে। এখানে Money' uncountable noun.

43. We are late because we got struck in .....

(a) a traffic Jam (b) traffic (c) a traffic (d) A + B (d)

ব্যাখ্যাঃ- Traffic হলো uncountable noun আর traffic jam হলো countable noun| Countable noun এর পূর্বে Article বসে আর Uncountable noun এর পূর্বে Article বসে।

44. In order to improve farming methods, we need..... (24^{th} BCS)

(a) machine (b) machinery (c) a machinery (d) machineries (b)

ব্যাখ্যাঃ- machinery (uncountable noun) এর সাথে s বা es বা article বসবে না।

45. Which word is the determiners in the sentence "will it take much time"?

(a) will (b) take (c) much (d) time (c)

ব্যাখ্যাঃ- will, take শব্দ দুটি verb, time শব্দটি noun, much শব্দটি determiner.

46. – thinks goes to your for your generous help.

(a) Little (b) A little (c) many (d) Much (c)

ব্যাখ্যাঃ- thanks সর্বদাই plural noun হিসেবে ব্যবহৃত হয়। তাই এর পূর্বে countable noun এর determiner ব্যবহৃত হয়।

47. ..... is not the only thing that tourists want to see. (24^{th} BCS)

(a) a scenery (b) sceneries (c) the sceneries (d) scenery (a)

ব্যাখ্যাঃ- scenery (uncountable noun) এর পর verb singular হয়।